# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 AUGUST 2026** **7:45—7:55 PM**

---

(১) ইউ পি আই সেবার দশ বছর সম্পূর্ণ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের শুভেচ্ছা জ্ঞাপন ।
(২) গৌহাটী বিশ্ববিদ্যালয়ের ড.অংকুরণ দত্ত ও যোরহাটের রাজেশ বরদলৈ জাতীয় কৃতী শিক্ষক পুরস্কারের জন্য মনোনীত । ।

(৩) রাজ্যের মূখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েলের নগাঁও লোকসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য মরিগাঁও জেলা প্রশাসনের প্রস্তুতির পর্যালোচনা ।

এবং

(৪) আসামের মায়ংক চক্রবর্তী এশিয়ান জুনিয়র দাবা প্রতিযোগীতার ছেলেদের শাখায় খেতাব দখল ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইউ পি আই সেবার দশ বছর সম্পূর্ণ করার সাফল্যে আনন্দ প্রকাশ করেছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী ইউ পি আইকে ভারতের ডিজিটেল লেনদেনের যাত্রার টার্নিং পয়েন্ট হিসেবে উল্লেখ করেন । দেশবাসীকে ইউ পি আইয়ের অভিজ্ঞতার কথা বিনিময় করার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন যে ইউ পি আইকে নিয়ে এখন সব ভারতীয় গৌরবান্বিত ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ইউ পি আই সেবার দশ বছর সম্পূর্ণ উপলক্ষ্যে দেশবাসীকে অভিনন্দন জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ ইউ পি আইকে দেশের উদ্ভাবনের মাধ্যমে রূপান্তরের যাত্রার প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গীর সফল উদাহরণ হিসেবে বর্ণনা করেন । ইউ পি আইকে বিশ্বের সর্ববৃহৎ তাৎক্ষণিক লেনদেন

ব্যাবস্থা বলে উল্লেখ করে তিনি জনসাধারণকে সুরক্ষিত লেনদেনে শক্তিশালী করে তোলা ডিজিটেল ভারতকে কৃতিত্ব দেন ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু জাতীয় শিক্ষক দিবস উপলক্ষে আগামী ৫ সেপ্টেম্বর নতুনদিল্লীতে উচ্চশিক্ষা প্রতিষ্ঠান এবং পলিটেকনিকের ২১ জন শিক্ষক তথা অধ্যাপককে জাতীয় শিক্ষক পুরস্কারে সম্মানিত করবেন ।কেন্দ্রীয় উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের ১২ জন শিক্ষক , ৩ টি সরকারী এবং ২ টি বেসরকারী কলেজ সহ রাজ্য বিশ্ববিদ্যালয়গুলোর ৫ জন এবং পলিটেকনিকের ৪ জন শিক্ষককে এই পুরস্কারের জন্য বাছাই করা হয়েছে ।শিক্ষা ক্ষেত্রে উল্লেখ্যযোগ্য সেবার জন্য এই পুরস্কার প্রদান করা হবে । বাছাই করা শিক্ষকদের মধ্যে গৌহাটী বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ এবং সাংবাদিকতা বিভাগের প্রধান অধ্যাপক ডঃ অংকুরণ দত্ত এবং যোরহাট আদর্শ জনজাতীয় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক রাজেশ বরদলৈ রয়েছেন ।ডঃ অংকুরণ দত্তকে উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ও পলিটেকনিক শাখার জন্য এবং রাজেশ বরদলৈকে বিদ্যালয় শিক্ষক শাখার জন্য বাছাই করা হয়েছে ।

---

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে রামমোহন নাইডু বলেছেন যে বিগত কয়েকবছর থেকে বিমানযোগে সামগ্রী পরিবহন উল্লেখ্যযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে এবং এই বৃদ্ধির পরিমান ৪০ শতাংশ ।নতুনদিল্লীতে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় শ্রী নাইডু বলেন যে সরকার সমগ্র দেশে বিশ্বমানের বিমান পরিবহন কেন্দ্র এবং সুযোগ সুবিধা সৃষ্টি করতে আগ্রহী ।দেশে সামগ্রী পরিবহন সেবা সম্প্রসারণের ওপর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও গুরুত্ব আরোপ করেছেন বলে তিনি উল্লেখ করেন ।

---

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারীক অনুরাগ গোয়েল আজ নগাঁও লোকসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য মরিগাঁও জেলা প্রশাসনের প্রস্তুতির পর্যালোচনা করেন ।মরিগাঁও জেলার আয়ুক্ত সৃষ্টি সিং নির্বাচনী প্রস্তুতি এবং ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য গৃহীত ব্যবস্থার বিষয়ে শ্রী গোয়েলকে অবগত করান ।

এদিকে আসাম প্রদেশ কংগ্রেস কমিটি আসন্ন উপনির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে আগ্রহী দলীয় সদস্যদের কাছ থেকে আগামী ২৮ শে আগষ্টের মধ্যে আবেদনপত্র চেয়েছে ।বিজেপির রাজ্যসভাপতি দিলীপ শইকিয়া নগাঁও লোকসভা কেন্দ্রের উপনির্বাচনকে প্রত্যাহ্বানমূলক বলে অভিহিত করেছেন ।

---

কৃষিমন্ত্রী পিযুষ হাজারিকা বলেছেন যে রাজ্যের অর্থনৈতিক গতি ত্বরান্বিত করার স্বার্থে প্রত্যেক যুবতীকে সহযোগিতা প্রদান করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ ।শ্রী হাজারিকা বহনক্ষম জীবিকা সৃষ্টি  এবং রাজ্যের গ্রামাঞ্চলের অর্থব্যবস্থা সুদৃঢ় করার ক্ষেত্রে উদ্যমশীলতা এবং উৎপাদনমুখী বিনিয়োগের ওপর গুরুত্ব আরোপ করেন ।আজ জাগীরোডে মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের সুবিধাপ্রাপকদের সঙ্গে মত বিনিময় করেন এবং প্রকল্পটির সাহায্যে তারা কিভাবে ষ্টার্টআপ প্রতিষ্ঠান গড়ে তুলেছেন সেই বিষয়ে পর্যালোচনা করেন ।কৃষিমন্ত্রী যুব উদ্যোগীদের কৃষি পরিকাঠামো পুঁজির অধিনে মাখনা সহ অন্যান্য সম্ভাবনাময় কৃষিভিত্তিক ক্ষেত্র সমুহের সুযোগ গ্রহণ করে উপার্জন বৃদ্ধি করা সহ আত্মনির্ভর আসামের যাত্রা অধিক শক্তিশালী করার প্রচেষ্টা চালানোর আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------

আসামের মায়াংক চক্রবর্তী মুম্বাইতে অনুষ্ঠিত এশিয়ান জুনিয়র দাবা প্রতিযোগিতার ছেলেদের শাখায় খেতাব দখল করেছে । মায়াংক আজ প্রতিযোগিতার নবম রাউন্ডের পর ৭ দশমিক ৫ পয়েন্ট অর্জন করে খেতাব দখল করেছে । এদিকে কর্ণাটককে প্রতিনিধিত্ব করা আসামের প্রীতিতি বরদলৈ মেয়েদের শাখায় বিজয়ি হয়েছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা উভয় খেলোয়াড়কে অভিনন্দন জানিয়েছেন । মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে এশিয়ার ১১ টি দেশের প্রতিভাবান খেলোয়াড়দের অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় আসামের খেলোয়াড়দের এধরণের প্রদর্শন রাজ্যে ক্রীড়া প্রতিভার বিকাশের ছবিকে প্রতিফলিত করেছে ।তিনি বলেন যে দাবার মতো বুদ্ধিমত্তা , ধৈর্য , একাগ্রতা এবং কৌশলের খেলায় রাজ্যের যুব প্রতিভা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নিজেদের সামর্থ্য প্রমাণ করতে সক্ষম হওয়ার বিষয়টি আশাব্যঞ্জক ।

---------------------------------------------------------------------------------

জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় যুব পরিক্রমা মন্ত্রণালয়ের অধীনে  খেলো ইন্ডিয়া ডায়লগ ---খেল কী বাত , পি এম কে সাথ শীর্ষক কার্যসূচীর আয়োজন করা হয়েছে । আগামী ২৭ শে আগস্ট অর্থাৎ বৃহস্পতিবার গৌহাটীর অখিল ভারতীয়  আয়ুর্বিজ্ঞান প্রতিষ্ঠান ( এইমসে) এই কার্যসূচী অনুষ্ঠিত হবে । এইমস গৌহাটীর কার্যবাহী সঞ্চালক অশোক পুরানীক আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে বলেন যে রাজ্যের যুবক যুবতীদের ক্রীড়া ক্ষেত্রে এগিয়ে নিয়ে যাবার উদ্দেশ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।

বাইট--অশোক পুরানীক

শ্রী পুরানীক বলেন যে যুবা অংশগ্রহণকারীরা স্থানীয় খেলোয়াড় সহ কেন্দ্রীয় মন্ত্রী ,প্রতিমন্ত্রী ,রাজ্য যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রী তথা সাংসদদের সঙ্গেও মত বিনিময় করার সুযোগ লাভ করবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অংশগ্রহণকারীদের সঙ্গে ভার্চুয়াল ব্যাবস্থার মাধ্যমে  মত বিনিময় করবেন বলেও তিনি জানান ।

-------------------------------------------------------------------------------------

জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষ্যে আগামী ২৭ শে আগস্ট মেরা যুবা ভারত হাইলাকান্দি এবং জাতীয় সেবা যোজনা এন এস এস এর যৌথ উদ্যোগে  লালা রুরাল কলেজ ,এস কে রায় কলেজ ,কাটলীছড়ায়  খেলো ইন্ডিয়া সংলাপ কার্যসূচীর আয়োজন করা হয়েছে । মেরা যুবা ভারত হাইলাকান্দির উপ-অধিকর্তা  হরশরণ সিং জানান যে এই কার্যসূচীর মূল চারটি বিষয় হলো তৃণমূল স্তরের ক্রীড়া ব্যাবস্থাকে শক্তিশালী করা  , ২০৩৬ অলিম্পিকের জন্য  খেলোয়াড়দের  তৈরী করা ,প্রশাসনে যুবা নেতৃত্বের গুরুত্ব বৃদ্ধি করা এবং বিকশিত ভারতের জন্য যুব ক্ষমতায়ন নিশ্চিত করা । এছাড়াও অংশগ্রহণকারীদের  মেরা যুবা ভারত পোর্টালের মাধ্যমে নিজেদের পরামর্শ জমা দিতে এবং ভি বি ওয়াই এল ডি কুইজ প্রতিযোগীতায় অংশ নিতে উৎসাহিত করা হবে বলেও তিনি জানান ।

-------------------------------------------------------------------------------------

মাতৃভূমি কাপ ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় জামালপুর এফ সি ৩-০ গোলে ইন্ডিয়ান এফ সি-কে পরাজিত করেছে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখি বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় আয়ান এফ সি লোকনাথপুর ও তাহের এফ সি সপ্তগ্রাম পরস্পরের মূখোমুখি হবে । আজকের জয়ের পর  জামালপুর এফ সি  কোয়াটার ফাইনালে প্রবেশ করেছে । আজকের খেলায় কেলভিন মার সেরা খেলোয়াড় হিসেবে নির্বাচিত হয়েছেন।

-------------------------------------------------------------------------------------

লামডিং - বদরপুর সেকশনের নিউ হারাঙ্গাজাও ষ্টেশনের পার্শবর্তী রেলওয়ে ট্রেক নম্বর এক এবং দুই-এর মেরামতী কাজ এখনও অব্যাহত থাকায় যাত্রী সুরক্ষার কথা বিবেচনা করে ওই রুটে চলাচলকারী ১৫৬১৭ গৌহাটি - দূর্লভছড়া এক্সপ্রেস এবং ১৫৬১৫ গুয়াহাটী-শিলোচর এক্সপ্রেস ট্রেনটির যাত্রা আগামীকাল এবং ১৫৬১৮ দূর্লভছড়া - গৌহাটি এক্সপ্রেস ও ১৫৬১৬ শিলচর-গুয়াহাটী এক্সপ্রেস ট্রেনটির যাত্রা আগামী বৃহস্পতিবার বাতিল করা হয়েছে ।

এছাড়াও , ১৫৬৫০ নারাঙ্গী - আগারতলা এক্সপ্রেস ট্রেনটি আগামীকাল নারাঙ্গী থেকে সাড়ে ছটায় এবং ১৫৬৪৬ শিলচর-চারালাপল্লী এক্সপ্রেস ট্রেন আগামীকাল রাত দশটা ১০ মিনিটে শিলচর থেকে ছাড়বে  বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কাপিঞ্জাল কিশোর শর্মা এক প্রেসবার্তায় জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

শিলচরের সাংস্কৃতিক ও নাগরিক সমাজের পক্ষ থেকে গান্ধী ভবনের আধুনিকীকরন সহ বিভিন্ন দাবীর সর্মথনে  আজ শিলচর পৌর নিগমের আয়ুক্তের কাছে একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে । স্মারক পত্রে- গান্ধী ভবন প্রেক্ষাগৃহকে শীতাতপ নিয়ন্ত্রিত করা , প্রেক্ষাগৃহে পর্য্যাপ্ত সংখ্যক ফেনের ব্যবস্থা করা , সাজঘরের উন্নয়ন , শৌচালয় নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন  করা , প্রেক্ষাগৃহের সার্বিক সংস্কার ও রক্ষনা-বেক্ষন ,আধুনিকীকরন এবং ভবনের বর্তমান ভাড়া ৮ হাজার টাকা থেকে কমিয়ে যুক্তি সঙ্গত পর্য্যায়ে নিয়ে আসার দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে শেখর দেবরায় , আশিস ভৌমিক , সুব্রত ভট্টাচার্য ,স্বর্নালী চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------